গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৭২/২০১৮-২০১৯
ঢাকা, বুধবার ৬ মার্চ ২০১৯, ২২ ফাল্গুন ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতির সঙ্গে লন্ডন টাওয়ার হ্যামলেটসের কাউন্সিলর ও স্পিকারের সাক্ষাৎ
২। একনেকে জাপানি অর্থনৈতিক অঞ্চল প্রকল্পসহ ৮ প্রকল্প অনুমোদন
রেলে গুরুত্ব দেওয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর
৩। প্রধানমন্ত্রীর সাথে ব্রিটিশ হাইকমিশনার ও ইইউ রাষ্ট্রদূতের সাক্ষাৎ
রেললাইন নির্মাণে ব্রিটেনের সহযোগিতা চাইলেন প্রধানমন্ত্রী
৪। সংক্রমণ নিয়ন্ত্রণের পরই সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের বাইপাস সার্জারি, বিশেষ দোয়া আহ্বান
৫। স্পিকারের সঙ্গে ইউএনডিপি'র প্রতিনিধিদলের সাক্ষাৎ
৬। পাটুরিয়া-গোয়ালন্দে দ্বিতীয় পদ্মাসেতু হবে : সংসদে লিখিত প্রশ্নের জবাবে সেতুমন্ত্রী
৭। বেগম খালেদা জিয়াকে বঙ্গবন্ধু মেডিকেলে নেওয়া হবে :
সচিবালয়ে বিএনপি প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকের পর স্বরাষ্ট্রমন্ত্রী
৮। পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বিদায়ি ব্রিটিশ হাইকমিশনারের সাক্ষাৎ
৯। এসডিজি বাস্তবায়নে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে : ব্যাংককে থ্রিআর ফোরামে শিল্পমন্ত্রী
১০। জাতীয় পাট দিবস আজ
১১। পাট রক্ষায় বাধ্যতামূলক প্যাকেজিং আইন বাস্তবায়ন করা হবে : পাটমন্ত্রী
১২। বাংলাদেশ-ভারতের মধ্যে বন্ধ ৩টি ও নতুন ২টি ইন্টারচেঞ্জ পয়েন্ট চালু হচ্ছে : সংসদে রেলমন্ত্রী
১৩। বাংলাদেশ-নেপাল দ্বৈত কর পরিহার চুক্তি স্বাক্ষর
১৪। বুড়িগঙ্গা-তুরাগ নদীর তীরে অভিযান, ৮৮ স্থাপনা উচ্ছেদ
১৫। দেশের বিভিন্ন স্থানে বজ্রসহ বৃষ্টি হতে পারে : সমুদ্রবন্দরসমূহকে ৩ নম্বর সতর্কতা সংকেত
১৬। আগামীকাল থেকে বাজারে আসছে ১০০ টাকার নতুন নোট

চলমান পাতা-২

১। **রাষ্ট্রপতির সঙ্গে লন্ডন টাওয়ার হ্যামলেটসের কাউন্সিলর ও স্পিকারের সাক্ষাৎ**

লন্ডন টাওয়ার হ্যামলেটসের কাউন্সিলর ও স্পিকার মোহাম্মদ আয়াছ মিয়া গতকাল (৫ মার্চ মঙ্গলবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে স্পিকার টাওয়ার হ্যামলেটসের কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। এছাড়া স্থানীয় উন্নয়নে টাওয়ার হ্যামলেটসের ভূমিকা ও কার্যপ্রক্রিয়া সম্পর্কেও বিস্তারিত তুলে ধরেন। টাওয়ার হ্যামলেটসের স্পিকার নির্বাচিত হওয়ায় রাষ্ট্রপতি আয়াছ মিয়াকে অভিনন্দন জানিয়ে বলেন, বাংলাদেশ আর্থসামাজিক উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে রোল মডেল হিসেবে বিবেচিত হচ্ছে। তিনি বাংলাদেশের এসব অর্জনকে বহির্বিশ্বে তুলে ধরতে প্রবাসী বাংলাদেশিদের প্রতি আহ্বান জানান। রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন, প্রবাসী বাংলাদেশিরা শুভেচ্ছাদূত হিসেবে বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে ইতিবাচক অবদান রাখবে। **সূত্র-বাসস, ডেইলি সান** (পৃ.৩,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৬)।

২। **একনেকে জাপানি অর্থনৈতিক অঞ্চল প্রকল্পসহ ৮ প্রকল্প অনুমোদন**
**রেলে গুরুত্ব দেওয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর**

জাপানের বিনিয়োগকারীদের জন্য নারায়ণগঞ্জের আড়াইহাজারে হচ্ছে 'জাপানি অর্থনৈতিক অঞ্চল'। এজন্য 'নারায়ণগঞ্জের আড়াইহাজারে জাপানি অর্থনৈতিক অঞ্চলের জন্য অবকাঠামো উন্নয়ন' নামে একটি প্রকল্প জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় অনুমোদন দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (৫ মার্চ মঙ্গলবার) শেরেবাংলা নগরে এনইসি সম্মেলনকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় মোট ৮টি প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। প্রকল্পগুলোর মোট ব্যয় ৬ হাজার ২৭৬ কোটি ২৪ লাখ টাকা। এর মধ্যে বৈদেশিক ঋণ ২ হাজার ৯৬২ কোটি ৩২ লাখ টাকা।

একনেক সভায় ঢাকা থেকে চট্টগ্রাম পর্যন্ত এক্সপ্রেসওয়ে বা উড়াল সড়কের পরিবর্তে এ রুটে আরেকটি বিশেষ রেললাইন নির্মাণে প্রয়োজনীয় কার্যক্রম শুরু করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সভায় প্রধানমন্ত্রী বলেন, বিশেষ এ রেললাইন কক্সবাজার পর্যন্ত সম্প্রসারণ করা হবে। তা ছাড়া বর্তমানের ঢাকা-চট্টগ্রামের চার লেনের মহাসড়ককে ছয় লেনে উন্নীত করা হবে। ঢাকা-কক্সবাজারের পাশাপাশি ঢাকা থেকে পায়রা বন্দর পর্যন্ত আরেকটি রেললাইন নির্মাণ করা হবে। প্রধানমন্ত্রী বলেন, নতুন করে মহাসড়ক নির্মাণ না করে এখন থেকে রেলের ওপর জোর দিতে হবে। সূত্র : **সমকাল** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১৭,ক.১)।

৩। **প্রধানমন্ত্রীর সাথে ব্রিটিশ হাইকমিশনার ও ইইউ রাষ্ট্রদূতের সাক্ষাৎ**
**রেললাইন নির্মাণে ব্রিটেনের সহযোগিতা চাইলেন প্রধানমন্ত্রী**

পদ্মাসেতু থেকে পায়রা বন্দর পর্যন্ত রেললাইন নির্মাণে যুক্তরাজ্যের সহযোগিতা চেয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, রেলখাতে ব্রিটেনের বিপুল অভিজ্ঞতা রয়েছে। বিদায়ি ব্রিটিশ হাইকমিশনার অ্যালিসন ব্লেক গতকাল (৫ মার্চ মঙ্গলবার) প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর জাতীয় সংসদ ভবন কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে তিনি এ মন্তব্য করেন। ব্রিটিশ হাইকমিশনার নারীর ক্ষমতায়নে বাংলাদেশের অসাধারণ উন্নয়নের ভূয়সী প্রশংসা করেন। জবাবে প্রধানমন্ত্রী বলেন, শুরুতে এটা ছিল কঠিন কাজ। এখন সবকিছুই সঠিকপথে এগোচ্ছে।

বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত রেনসে টারিঙ্ক বলেছেন, ইইউ বাংলাদেশের সঙ্গে তাদের কর্মকাণ্ড অব্যাহত রাখতে আগ্রহী। গতকাল জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে ইইউ রাষ্ট্রদূত এ কথা বলেন। এ সময় ঢাকায় নিযুক্ত জার্মান রাষ্ট্রদূত পিটার ফারেনহোল্টজও উপস্থিত ছিলেন। টারিঙ্ক বলেন, ইইউ বাংলাদেশের বৃহত্তম রফতানি গন্তব্যস্থল। দু'পক্ষই এ থেকে লাভবান হচ্ছে। আমরা বাংলাদেশের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক জোরদারে আগ্রহী। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৪। **সংক্রমণ নিয়ন্ত্রণের পরই সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের বাইপাস সার্জারি, বিশেষ দোয়া আহ্বান**

সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে চিকিৎসাধীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রীর অবস্থা ক্রমশ উন্নতির দিকে যাচ্ছে বলে জানিয়েছেন তাঁর সঙ্গে থাকা বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবু নাসির রিজভী। তিনি বলেন, ওবায়দুল কাদেরের অবস্থা স্থিতিশীল থাকলেও তাঁর কিডনিতে কিছু জটিলতা এবং রক্তে সংক্রমণ ধরা পড়েছে। কিডনি ও সংক্রমণের সমস্যা নিয়ন্ত্রণ করে আগামী কয়েক দিনের মধ্যে ওবায়দুল কাদেরের বাইপাস সার্জারি করার কথা ভাবছেন মাউন্ট এলিজাবেথের চিকিৎসকরা। সর্বশেষ অবস্থা জানাতে আজ দুপুরে ব্রিফ করবে মাউন্ট এলিজাবেথের মেডিকেল বোর্ড। গতকাল (৫ মার্চ মঙ্গলবার) সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে এক সংবাদসম্মেলনে তিনি এ কথা বলেন।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের দ্রুত আরোগ্য কামনা করে আগামী ৮ মার্চ শুক্রবার বাদ জুমা দেশের সব মসজিদে 'বিশেষ দোয়া ও মোনাজাত' করার জন্য ইসলামিক ফাউন্ডেশনের পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে। এছাড়া পাঞ্জেগানা নামাজের পর মোনাজাতে মন্ত্রী ওবায়দুল কাদেরের সুস্থতা কামনায় দোয়া করার জন্য আহ্বান জানানো হয়েছে। তাঁর দ্রুত আরোগ্য ও সুস্থতা কামনা করে আগামী ৮ মার্চ শুক্রবার বাদ জুমা বায়তুল মোকাররম জাতীয় মসজিদে 'বিশেষ দোয়া ও মোনাজাত' অনুষ্ঠিত হবে। সর্বস্তরের জনগণকে এতে অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৫। স্পিকারের সঙ্গে ইউএনডিপি'র প্রতিনিধিদলের সাক্ষাৎ**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে বাংলাদেশে ইউএনডিপি'র স্ট্র্যাটেজিক এডভাইজার মি. রেদওয়ান মুজিব সিদ্দিক এর নেতৃত্বে এক প্রতিনিধিদল সাক্ষাৎ করেছে। গতকাল (৫ মার্চ মঙ্গলবার) জাতীয় সংসদ ভবনে সাক্ষাৎকালে তাঁরা বাংলাদেশের টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জন, সংসদে আইন প্রণয়ন প্রক্রিয়া এবং সংসদ সদস্য ও সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ বিষয়ে আলোচনা করেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, ইউএনডিপি সুদীর্ঘকাল থেকে বাংলাদেশের উন্নয়ন সহযোগী। তিনি বাংলাদেশের উন্নয়ন ও অগ্রগতিতে ইউএনডিপি'র সহযোগিতার প্রশংসা করেন এবং আগামীতেও এ সহযোগিতা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

**৬। পাটুরিয়া-গোয়ালন্দে দ্বিতীয় পদ্মাসেতু হবে : সংসদে লিখিত প্রশ্নের জবাবে সেতুমন্ত্রী**

ঢাকা-ফরিদপুর মহাসড়কে পাটুরিয়া-গোয়ালন্দ অংশে দ্বিতীয় পদ্মাসেতু নির্মাণের পরিকল্পনা সরকারের রয়েছে। এ সেতু নির্মাণে পিডিপিপি নীতিগতভাবে অনুমোদিত হয়েছে। গতকাল (৫ মার্চ মঙ্গলবার) সংসদে প্রশ্নোত্তর পর্বে সেতুমন্ত্রীর পক্ষে লিখিত জবাবে এ কথা জানানো হয়। মন্ত্রী আরো জানান, বিমানবন্দর-কমলাপুর রুটে বাংলাদেশে প্রথম পাতালরেল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। এ রুটের মোট দৈর্ঘ্য ১৯ দশমিক ৮৭ কিলোমিটার। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.৪)।

**৭। বেগম খালেদা জিয়াকে বঙ্গবন্ধু মেডিকেলে নেওয়া হবে :**
**সচিবালয়ে বিএনপি প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকের পর স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, মেডিকেল বোর্ডের সুপারিশ অনুযায়ী কারাবন্দি বেগম খালেদা জিয়াকে চিকিৎসার জন্য শীঘ্রই বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে নেওয়া হবে। বোর্ড যা প্রয়োজন মনে করবে, সে ধরনের চিকিৎসাই তাঁকে দেওয়া হবে। গতকাল (৫ মার্চ মঙ্গলবার) সচিবালয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নেতৃত্বে ৬ সদস্যের প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

**৮। পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বিদায়ি ব্রিটিশ হাইকমিশনারের সাক্ষাৎ**

যুক্তরাজ্যে আশ্রয় নেওয়া তারেক রহমানসহ সব দণ্ডিত অপরাধীদের ফেরত পাঠানোর জন্য অনুরোধ করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গতকাল (৫ মার্চ মঙ্গলবার) ঢাকায় নিযুক্ত যুক্তরাজ্যের বিদায়ী হাইকমিশনার অ্যালিসন ব্লেকের সঙ্গে এক বৈঠকে তিনি এ অনুরোধ জানান। অন্যদিকে গত ২ মার্চ সংযুক্ত আরব আমিরাতে সফরকালে পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, 'প্রবাসীদের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা উচ্চ ক্ষমতাসম্পন্ন টাস্কফোর্স গঠন করেছেন। এ টাস্কফোর্সের মাধ্যমে প্রবাসীদের কিভাবে উন্নয়নের মহাসড়কে সম্পৃক্ত করা যায় সরকার সে পরিকল্পনাই করছে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৯। এসডিজি বাস্তবায়নে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে : ব্যাংককে থ্রিআর ফোরামে শিল্পমন্ত্রী**

এসডিজি বাস্তবায়নে সব দেশকে একসঙ্গে কাজ করতে হবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। থাইল্যান্ডের রাজধানী ব্যাংককের রয়াল অর্চার্ড শেরাটন হোটেলে নবম থ্রিআর ফোরামে দেওয়া এক বক্তৃতায় তিনি এসব কথা বলেন। শিল্পমন্ত্রী বলেন, অর্থনৈতিক সমৃদ্ধি ও উন্নয়নের জন্য এসডিজি বাস্তবায়নে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে। বিশেষকরে, এসডিজি'র ৭, ৯, ও ১২ নম্বর লক্ষ্যমাত্রা শিল্পায়নের সঙ্গে সরাসরি সম্পৃক্ত। এগুলোতে পরিবেশবান্ধব শিল্পায়ন, সবুজ জ্বালানির প্রসার, শিল্প উদ্ভাবনে পৃষ্ঠপোষকতা প্রদান, শিল্প সহায়ক অবকাঠামো তৈরি, শিল্পপণ্যের যৌক্তিক ভোগ এবং উৎপাদনশীলতা বৃদ্ধির ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।

এগুলো অর্জনের মাধ্যমে এশিয়ার দেশগুলো দ্রুত অর্থনৈতিক সমৃদ্ধির পথে এগিয়ে যেতে পারে। থাইল্যান্ড সফররত শিল্পমন্ত্রী গতকাল (৫ মার্চ মঙ্গলবার) 'সবুজ জ্বালানি ও শিল্পের চালিকাশক্তি হিসেবে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে প্রযুক্তির প্রয়োগ: এসডিজি লক্ষ্য ৭, ৯, ও ১২ এর প্রভাব' শীর্ষক প্লেনারি অধিবেশনে সভাপতির বক্তব্য দেন। **সূত্র : সংবাদ** (পৃ.১৪,ক.১), **ইনকিলাব** (পৃ.৩,ক.৪)।

**১০। জাতীয় পাট দিবস আজ**

জাতীয় পাট দিবস আজ (৬ মার্চ বুধবার)। এবারের মূল প্রতিপাদ্য 'সোনালি আঁশের সোনার দেশ, জাতির পিতার বাংলাদেশ'। এ উপলক্ষে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে আয়োজিত মূল অনুষ্ঠানে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সেখানে পাটপণ্যের প্রদর্শনী উদ্বোধন করবেন তিনি। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিবসটি উপলক্ষে বাণী দিয়েছেন। বাণীতে রাষ্ট্রপতি বলেছেন, পাটশিল্পের বিকাশের স্বার্থে দেশের পাশাপাশি আন্তর্জাতিক বাজারেও পরিবেশবান্ধব পাটজাত পণ্যের চাহিদা সৃষ্টিতে পদক্ষেপ নিতে হবে। প্রধানমন্ত্রী তাঁর বাণীতে বলেছেন, সরকারি-বেসরকারি সবার সমন্বিত প্রচেষ্টায় পাটের সোনালি সময় পুনরুদ্ধারের মধ্য দিয়ে পাট বাংলাদেশের অর্থনীতিতেও গুরুত্বপূর্ণ অবদান রাখবে। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**১১। পাট রক্ষায় বাধ্যতামূলক প্যাকেজিং আইন বাস্তবায়ন করা হবে : পাটমন্ত্রী**

পাট রক্ষায় বাধ্যতামূলক প্যাকেজিং আইন বাস্তবায়ন করতে হবে বলে জানিয়েছেন বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী। গতকাল (৫ মার্চ মঙ্গলবার) রাজধানীর মতিঝিলে বাংলাদেশ পাটকল করপোরেশনে জাতীয় পাট দিবস-২০১৯ উপলক্ষে 'বিশ্ব বাজারে পাট ও পাটজাত পণ্যের বিপণনে চ্যালেঞ্জ ও সম্ভাবনা' শীর্ষক সেমিনারে তিনি এ কথা বলেন। তিনি আরও বলেন, বর্তমানে বিশ্ব এখন প্লাস্টিককে বর্জন করতে শুরু করেছে। আর সেজন্য আমরা পাটের সুদিন নিয়ে আশাবাদী। আমাদের পাটের সব সম্ভাবনার বিষয়গুলোকে নিয়ে কাজ করতে হবে। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক.৭), **বণিক বার্তা** (পৃ.৭,ক.৫)।

**১২। বাংলাদেশ-ভারতের মধ্যে বন্ধ ৩টি ও নতুন ২টি ইন্টারচেঞ্জ পয়েন্ট চালু হচ্ছে : সংসদে রেলমন্ত্রী**

রেলমন্ত্রী মো. নূরুল ইসলাম সুজন বলেছেন, বাংলাদেশ রেলওয়ের সঙ্গে ভারতীয় রেলওয়ের সংযোগের জন্য ৭টি ইন্টারচেঞ্জ পয়েন্ট রয়েছে। এরমধ্যে ৪টি ইন্টারচেঞ্জ পয়েন্ট চালু রয়েছে এবং বাকি ৩টি ইন্টারচেঞ্জ পয়েন্ট চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া আরও ২টি নতুন ইন্টারচেঞ্জ পয়েন্ট চালুর কার্যক্রম দ্রুত এগিয়ে চলছে। গতকাল (৫ মার্চ মঙ্গলবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে মন্ত্রী এসব তথ্য জানান। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫)।

**১৩। বাংলাদেশ-নেপাল দ্বৈত কর পরিহার চুক্তি স্বাক্ষর**

দ্বিপক্ষীয় ব্যবসা-বাণিজ্য সম্পর্ক জোরদার এবং বিনিয়োগ সম্প্রসারণে অধিকতর অনুকূল পরিবেশ তৈরির জন্য বাংলাদেশ ও নেপাল এর মধ্যে দ্বৈত কর পরিহার চুক্তি সাক্ষর হয়েছে। গতকাল (৫ মার্চ মঙ্গলবার) নেপালের রাজধানী কাঠমাণ্ডুতে এ চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি সাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশের পক্ষে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) জনাব মোশাররফ হোসেন ভূঁইয়া এবং নেপালের পক্ষে সেদেশের সেক্রেটারি, রেভিনিউ লাল শংকর ঘিমির নেতৃত্ব দেন। **সংবাদ** (পৃ.১৪,ক.১), **বণিক বার্তা** (পৃ.৭,ক.২), **অবজারভার** (পৃ.১৭,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**১৪। বুড়িগঙ্গা-তুরাগ নদীর তীরে অভিযান, ৮৮ স্থাপনা উচ্ছেদ**

নদী রক্ষায় বুড়িগঙ্গা-তুরাগ নদীর তীরে পুনরায় উচ্ছেদ অভিযান শুরু করেছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)। গতকাল (৫ মার্চ মঙ্গলবার) রাজধানীর বসিলা ব্রিজের নিচে থেকে এ উচ্ছেদ কার্যক্রম শুরু হয়। অভিযানে ৮৮টি অবৈধ স্থাপনা গুঁড়িয়ে দেওয়া হয়েছে। এসব স্থাপনার মধ্যে বিভিন্ন কারখানা, বসতবাড়ি, সেমিপাকা ভবনসহ বহুতল ভবনও রয়েছে। অভিযানে নেতৃত্ব দেন বিআইডব্লিউটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেট মোস্তাফিজুর রহমান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **সমকাল** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৪)।

**১৫। দেশের বিভিন্ন স্থানে বজ্রসহ বৃষ্টি হতে পারে : সমুদ্রবন্দরসমূহকে ৩ নম্বর সতর্কতা সংকেত**

আজ (৬ মার্চ বুধবার) খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায়, ঢাকা ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী ও ময়মনসিংহ বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে। চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্রবন্দরসমূহকে তিন নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সাবধানে চলাচল করতে বলেছে আবহাওয়া অধিদপ্তর। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.২)।

**১৬। আগামীকাল থেকে বাজারে আসছে ১০০ টাকার নতুন নোট**

উচ্চ মূল্যমানের ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য অধিকতর সুদৃঢ় করার লক্ষ্যে ১০০ টাকা মূল্যমানের নতুন নোট বাজারে ছাড়ছে কেন্দ্রীয় ব্যাংক। এ নোট উন্নতমানের কোটিংকৃত দীর্ঘস্থায়ী শতভাগ কটন কাগজে ইউভি কিউরিং ভার্নিশযুক্ত হবে। আগামীকাল (৭ই মার্চ) থেকে বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিস এবং পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক এর অন্যান্য অফিস থেকে নোটটি ইস্যু করা হবে। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক.৪), **অবজারভার** (পৃ.১৭,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** বাংলাদেশের জলসীমায় জেগে ওঠা ২৬টি দ্বীপ ও চরকে পরিকল্পিতভাবে অবকাঠামো নির্মাণের মাধ্যমে ও নতুন জনবসতি স্থাপনের দ্বারা দেশের জনসংখ্যার বিপুল চাপ কমানোর সুপারিশ।

খ. **সমকাল :** সিলেটের বিভিন্ন এলাকায় নিয়মনীতির লঙ্ঘন করে ধানি জমিতে পাথরভাঙ্গা মেশিনগুলো কীভাবে চলছে তা খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়াসহ এ বিষয়ে আদালতের রায় বাস্তবায়নের আহ্বান।

গ. **যুগান্তর :** অর্থপাচার ও খেলাপি ঋণ বৃদ্ধি প্রতিহতে রাষ্ট্রায়ত্ত পাঁচটি ব্যাংকে বিশেষ অডিট কার্যক্রম পরিচালনার বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের নেওয়া সিদ্ধান্তকে ইতিবাচক আখ্যায়িত করে এ উদ্যোগের সাফল্যের প্রত্যাশা ।

ঘ. **জনকণ্ঠ :** আগামী মাসে উপজেলা পর্যায়ে সরকারের 'তথ্য আপা' প্রকল্পের কার্যক্রম শুরু হলে তথ্য আপারা গ্রামের পিছিয়ে পড়া নারী সমাজের জীবন বদলে দেবে, নারীরা বেশি হারে স্বাবলম্বী হবে বলে আশা প্রকাশ ।

ঙ. **যায়যায়দিন :** বাংলাদেশে প্রবৃদ্ধি বাড়লেও কর্মসংস্থান না বাড়ায় সামগ্রিক পরিস্থিতি পর্যবেক্ষণ করে কার্যকর পদক্ষেপ নিশ্চিতকরণের প্রত্যাশা।

চ. **বণিক বার্তা :** ক্রমান্বয়ে ই-বর্জ্য বিপজ্জনক হয়ে উঠায় ই-বর্জ্যের নিরাপদ ব্যবস্থাপনা ও রিসাইক্লিং বৃদ্ধির সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট,যায়যায়দিন :** পাটের বহুমাত্রিক ব্যবহার নিশ্চিত করতে বাজারে নানাধরনের ব্যবহার উপযোগী ব্যাগ দ্রুত ছাড়ার পাশাপাশি পলিথিনের ব্যবহার চিরতরে বন্ধের ব্যবস্থা করার সুপারিশ।

জ. **ডেইলি সান, নিউজ টুডে :** সেন্টার ফর এডুকেশন রিসার্চ–এর রিপোর্টে প্রকাশিত দেশের গ্র্যাজুয়েট যুবকদের ৪৭ শতাংশ বেকার থাকার বিষয় তুলে ধরে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে শিক্ষিত যুবকদের চাহিদাভিত্তিক দক্ষতা ও যোগ্যতার ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

ঝ. **অবজারভার :** রাজধানীর গাউছিয়া, ধানমণ্ডি ও এলিফ্যান্টরোড এলাকায় কোনো বৈধ কার পাকিংয়ের ব্যবস্থা না থাকায় যানজট সমস্যা আরও প্রকট হওয়ায় এসব স্থানে দ্রুত বৈধ কার পার্কিংয়ের ব্যবস্থা করার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পরিবেশবান্ধব পণ্য ব্যবহার বেড়ে যাওয়ায় পাটের উৎপাদন পরিকল্পনামাফিক করে পাটপণ্যের মোড়ক ব্যবহার বাধ্যতামূলক করতে আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিতকরাসহ গুণগত ও মানসম্পন্ন পণ্য উৎপাদন এবং এর প্রচার বাড়াতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষকের উন্নত জীবন, শিক্ষার উন্নতি'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, শিক্ষকের জীবনমান উন্নত এবং নিষ্কন্টক হলে পরবর্তী প্রজন্মের মেধাবীরা এ পেশায় আসতে আগ্রহী হবে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা